# মহাখালী সাততলা বস্তিতে ভয়াবহ অগ্নিকাণ্ড, যানজটে আটকে ফায়ার সার্ভিসের ইউনিট



সংগৃহীত ছবি

রাজধানীর মহাখালী সাততলা বস্তিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। দুপুরে আগুন লাগার খবর পাওয়ার পর ফায়ার সার্ভিসের সাতটি ইউনিট ঘটনাস্থলে রওনা দিলেও তীব্র যানজটের কারণে এখনো পৌঁছাতে পারেনি। আগুনের কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

রাজধানীর মহাখালী সাততলা বস্তিতে বুধবার (২০ আগস্ট) দুপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো হয়, দুপুর ২টা ৩৭ মিনিটে আগুন লাগার সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে সাতটি ইউনিট ঘটনাস্থলের উদ্দেশে রওনা দেয়।

তবে রাজধানীর তীব্র যানজটের কারণে ফায়ার সার্ভিসের গাড়িগুলো ঘটনাস্থলে পৌঁছাতে বিলম্ব হচ্ছে। ডিউটি অফিসার রোজিনা আক্তার বলেন, "আমাদের সাতটি ইউনিট ঘটনাস্থলে যাওয়ার পথে রয়েছে। কিন্তু রাস্তায় যানজট থাকায় এখনো কেউ পৌঁছাতে পারেনি।"

আগুন লাগার প্রাথমিক কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ এখনো জানা যায়নি। পরিস্থিতি নিয়ন্ত্রণে আসার পর বিস্তারিত তথ্য জানানো হবে বলে ফায়ার সার্ভিস সূত্রে নিশ্চিত করা হয়েছে।

LENS ASIA